

মহাসমাবেশের দিন এলো কর্মসূল ত্যাগে নিষেধাজ্ঞা



নজর প্রতিবেদক

২৩ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৩
অক্টোবর ২০১৯ ০০:২৮

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা।

অন্যদিকে তাদের কর্মসূচির দিনে কর্মসূল ত্যাগের অনুমতি না দিতে বিভাগীয়, জেলা ও উপজেলা কর্মকর্তাদের নির্দেশনা দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। তা advertisement সত্ত্বেও মহাসমাবেশ করার ঘোষণা দিয়েছেন শিক্ষকরা।

বেতন বৈষম্যের প্রতিবাদে কেন্দ্রীয় শহীদ মিনারে আজ বুধবার সকাল ১০টায় পূর্বঘোষিত মহাসমাবেশ করবেন সরকারি

এ বিষয়ে বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতির সভাপতি মো. বদরুল আমীন আমাদের সময়কে বলেন, মহাসমাবেশে সারাদেশের লাখ লাখ শিক্ষক অংশ নেবেন। সরকার দাবি মেনে না নিলে মহাসমাবেশ থেকে কঠোর আন্দোলনের ঘোষণা দেওয়া হবে। হতে পারে শিক্ষা প্রতিষ্ঠানে তালা দেওয়া, অনিদিষ্টকালের ধর্মঘট এমনকি পিইসি পরীক্ষা বর্জন। সরকার কী নোটিশ করল, না করল এর ধারি না আমরা।

জানা গেছে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এএফএম মনজুর কাদির স্বাক্ষরিত এক নির্দেশনায় বলা হয়েছে, ‘২৩ অক্টোবর (বুধবার) পবিত্র আখেরি চাহার সোম্বার বিদ্যালয় ছুটির দিনে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কতিপয় শিক্ষক সংগঠন বিভিন্ন দাবি নিয়ে ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে আন্দোলনের নামে বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারেন মর্মে জানা যায়। এমতাবস্থায়

অধিদপ্তরের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোনো শিক্ষককে ওই দিনে ছুটি উপলক্ষে কর্মসূল ত্যাগের অনুমতি না দিতে নির্দেশনা প্রদান করা হলো।’ এ নির্দেশনা পাঠানো হয় বিভাগীয়, জেলা, উপজেলা, থানা কর্মকর্তা এবং পিটিআইর সুপারিনিনেটেন্টদের।

সহকারী শিক্ষকদের ১১তম গ্রেডে এবং প্রধান শিক্ষকদের ১০ম গ্রেডে বেতন বাস্তবায়নের দাবিতে আন্দোলন করছেন শিক্ষকরা। এ দাবিতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের ডাকে বিভিন্ন কর্মসূচি পালন করছেন তারা।